

পোগজ স্কুল ও জবি একীভূত হওয়ার চুক্তি স্থগিতের নির্দেশ হাইকোর্টের

পোগজ স্কুল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একীভূত হওয়া প্রসঙ্গে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও পোগজ স্কুল, ম্যানেজিং কমিটির মধ্যকার চুক্তি হাইকোর্ট ছয় মাসের স্থগিত রাখার আদেশ দিয়েছে। কিশোর কুমার বসু রায় চৌধুরী (আহ্বায়ক), আকরাম হোসেন খান, এম. শহীদুল ইসলাম চৌধুরী (সাবেক আইজিপি), মাইনুল হক, রজত সুর রাজু ও গৌরব হালদার 'পোগজ স্কুল রক্ষা কমিটির' ও প্রাক্তন ছাত্র হিসেবে হাইকোর্টে স্থগিত আদেশ চেয়ে আবেদন করেন। বিচারপতি মাইনুল ইসলাম চৌধুরী এবং বিচারপতি মো. আশরাফুল কামাল আদালতে রিট পিটিশন নং-১১৫৮৬/২০১৫ মূলে পোগজ স্কুলের সঙ্গে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একীভূত হওয়ার চুক্তি ছয় মাসের জন্য স্থগিত করেছেন। হক অ্যান্ড অ্যাসোসিয়েটসের অ্যাডভোকেট শাহ মনজুরুল হক আইনি লড়াই করেছেন বাদীদের পক্ষে। খবর বিজ্ঞপ্তির।